# প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী
# Fair Fares NYC এবং অ্যাক্সেস-এ-রাইড সম্পর্কে
# (Bengali)

1. **আমি একজন MTA অ্যাক্সেস-এ-রাইড (Access-A-Ride, AAR) গ্রাহক। আমি কীভাবে Fair Fares NYC, (FFNYC) এর জন্য সাইন আপ করতে পারি এবং AAR ট্রিপে ছাড় পেতে পারি?**

   আপনি FFNYC এর জন্য যোগ্য কিনা তা দেখতে www.nyc.gov/fairfares দেখুন। আপনি যদি যোগ্য হন, আপনার AAR আইডি নম্বর প্রদান করে আপনি FFNYC-এর জন্য আবেদন করতে পারেন। যদি MTA আপনার AAR আইডি নিশ্চিত করে, এবং আপনি অনুমোদিত হন, তাহলে আপনি প্রতিটি AAR রাইডে 50% ছাড় পাবেন।

2. **আমি একজন AAR গ্রাহক, এবং আমি ইতিমধ্যেই FFNYC-তে নথিভুক্ত। AAR-এ FFNYC NYC ছাড়ের ব্যবহার শুরু করতে আমি কীভাবে সাইন আপ করতে পারি?**

   www.nyc.gov/accessfairfares এ আপনার অ্যাকাউন্টে লগ ইন করুন এবং "আপডেট অ্যাকসেস-এ-রাইড ইনফরমেশন"-এর উপর ক্লিক করুন। আপনার AAR-এ আপনার FFNYC ছাড় প্রয়োগ করতে স্ক্রিনের নির্দেশাবলী অনুসরণ করুন।

   **অ্যাক্সেস-এ-রাইড গাড়িগুলি আপনার Fair Fares NYC MetroCard গ্রহণ করবে না। ছাড় পাওয়ার জন্য আপনাকে অবশ্যই আপনার অ্যাকাউন্ট আপডেট করতে হবে।**

3. **আমি কখন AAR ট্রিপে আমার FFNYC ছাড় পেতে শুরু করব?**

   FFNYC আপনাকে অনুমোদন করার পরে এবং MTA আপনার AAR তথ্য নিশ্চিত করার পরে আপনি AAR ট্রিপে FFNYC ছাড় পেতে শুরু করবেন।

   আপনার AAR ছাড়ের স্থিতি পরীক্ষা করতে, আপনি www.nyc.gov/accessfairfares –এ আপনার অ্যাকাউন্টে লগ ইন করতে পারেন। তালিকাভুক্তির এক সপ্তাহের মধ্যে আপনার AAR ছাড় শুরু হবে।

4. **আমি কীভাবে AAR-এ আমার FFNYC ছাড় ব্যবহার করব?**

   আপনার AAR অ্যাকাউন্টে আপনার FFNYC ছাড় যোগ হয়ে গেলে, ছাড় স্বয়ংক্রিয়ভাবে প্রযোজ্য হবে। AAR আপনার কাছ থেকে শুধুমাত্র অর্ধেক ভাড়া নেবে।

5. **আমার FFNYC সাবওয়ে ও বাস ডিসকাউন্টের কী হবে?**

   আপনার AAR-এ আপনার FFNYC ছাড় প্রয়োগ করা হলে, আপনার FFNYC সাবওয়ে এবং বাসে ছাড় বন্ধ হয়ে যাবে। আপনি সাবওয়ে এবং বাসে MTA হ্রাসকৃত ভাড়া প্রোগ্রামের (Reduced-Fare program) মাধ্যমে ছাড় ব্যবহার করতে পারেন।

**(পৃষ্ঠা উল্টান)**

**6. FF NYC কি আমাকে প্যারাট্রানজিট ট্রিপের জন্য একটি OMNY কার্ড দেবে?**

না। আপনি যদি AAR প্রোগ্রামে নথিভুক্ত হন তাহলে AAR আপনাকে একটি OMNY কার্ড দেবে।

**7. আমার FFNYC তালিকাভুক্তির মেয়াদ শেষ হয়ে গেলে কী হবে?**

আপনার তালিকাভুক্তির মেয়াদ শেষ হওয়ার সময় FFNYC আপনাকে একটি বিজ্ঞপ্তি পাঠাবে। বিজ্ঞপ্তিতে কারণ ও আপনার মেয়াদ শেষ হওয়ার তারিখ দেওয়া থাকবে। আপনার তালিকাভুক্তির মেয়াদ শেষ হয়ে গেলে, আপনি যখন AAR ব্যবহার করবেন তখন আপনাকে পুরো ভাড়া দিতে হবে। যদি আপনার পরিস্থিতির বদল হয় এবং আপনি আবার যোগ্য হন, তাহলে আপনি FFNYC এর জন্য পুনরায় আবেদন করতে পারেন।

**8. আমার AAR তালিকাভুক্তির মেয়াদ শেষ হয়ে গেলে কী হবে?**

আপনার AAR তালিকাভুক্তির মেয়াদ শেষ হয়ে গেলে, অনুগ্রহ করে www.nyc.gov/accessfairfares এ আপনার অ্যাকাউন্টে লগ ইন করে আমাদের জানান এবং "আপডেট অ্যাক্সেস-এ-রাইড"-এ ক্লিক করুন।

যদি আপনার কাছে অন্য পরিবহন ছাড় না থাকে তবে আপনি একটি FFNYC সাবওয়ে ও বাস ছাড়ের অনুরোধ করতে পারেন। আপনি যদি MTA হ্রাসপ্রাপ্ত ভাড়া প্রোগ্রামের জন্য যোগ্য হন, তাহলে সাবওয়ে এবং বাসে ছাড় পেতে আপনাকে অবশ্যই এতে নথিভুক্ত করতে হবে।

**9. FFNYC সম্পর্কে আরো তথ্যের জন্য আমাকে কোথায় যেতে হবে?**

FFNYC সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে **311** নম্বরে ফোন করুন। আরো তথ্যের জন্য www.nyc.gov/fairfares দেখুন।

**10. আমার যদি কোনো প্রতিবন্ধিতার কারণে FFNYC-এর জন্য আবেদন করতে সাহায্যের প্রয়োজন হয় তাহলে কী হবে?**

প্রতিবন্ধিতার কারণে আপনার FFNYC আবেদন পূরণ করতে বা আপনার নথি জমা দিতে সাহায্যের প্রয়োজন হলে অনুগ্রহ করে **311** নম্বরে ফোন করুন।

**Fair Fares NYC প্রকল্প সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে 311 নম্বরে ফোন করুন।**
**Fair Fares NYC প্রকল্প সম্পর্কে আরো তথ্যের জন্য আপনি nyc.gov/fairfares দেখতে পারেন**